

ইংরেজি মাধ্যমের পরীক্ষা
রাতে হরতাল-অবরোধ
না দেওয়ার অনুরোধ
অভিভাবকদের

নিম্ন প্রতিলেখক

আগামী ২৯ জানুয়ারি পর্যন্ত অন্তত
রাতে হরতাল-অবরোধ না দিতে
বিএনপি চেয়ারপারসন খালেদা
জিয়ার প্রতি অনুরোধ জানিয়েছেন
ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের
অভিভাবকরা। গতকাল শনিবার
দুপুর ১২টায় রাজধানীতে জাতীয়
শ্রেণীবর্ষের সামনে এক মানববন্ধনে
অভিভাবকরা ও অনুরোধ জানান।
মানববন্ধনে হাসিনা মনজাজ নামের
এক অভিভাবক বলেন, আমাদের
সন্তানরা এবার পরীক্ষা দিতে না
পারলে ছয় মাস পরে পরীক্ষা দিতে
হবে। প্রতিবার ফরম পূরণের জন্য
প্রায় ৫০ হাজার টাকা খরচ হয়।
শিক্ষার্থীরাও পরীক্ষা দিতে না পারলে
মানসিকভাবে ভেঙে পড়ে। এদিকে
আবার আগামী সেশন থেকে নতুন
সিলেবাসে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
তাই শিক্ষার্থীরা এবার পরীক্ষা দিতে
না পারলে বেশ অসুবিধায় পড়তে
হবে।

হাসান ফেরদৌস নামের অন্য এক
অভিভাবক বলেন, টানা হরতাল-
অবরোধ থাকলে সাধারণত ইংরেজি
মাধ্যমের পরীক্ষা নেওয়া হয় না।
অভিন্ন প্রণে সারা পৃথিবীতে পরীক্ষা
নেওয়া হয় বলে পরে পরীক্ষা নেওয়ার
সুযোগ থাকে না। তাই একান্তই যদি
হরতাল-অবরোধ দিতে হয়, তাহলে
সম্ভার পর যেন তা না দেওয়া হয়।
দিনে পরীক্ষা দিতে না পারলে বোর্ডের
নিয়মানুযায়ী রাতে নেওয়ার সুযোগ
আছে। এতে প্রায় সাত হাজার
শিক্ষার্থীর একটা সেশন নষ্ট করতে
হবে না।